# ২৮তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ-২০২৪)


**রপ্তানি উন্নয়ন ব্যুরো**

**টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫**

**www.epb.gov.bd /E-mail: ditf@epb.gov.bd**
**Facebook: www.facebook.com/epb.gov.bd**


Export Promotion Bureau Bangladesh

নথি নং-২৬.০২.০০০০.০৫৫.৫৩.০০৩.২৩.৯২২ — তারিখঃ ১৮-১০-২০২৩ খ্রিঃ।

## ২৮তম ডিআইটিএফ-২০২৪ এর স্টল, প্যাভিলিয়ন, রেস্টুরেন্ট ব্যতীত অন্যান্য কাজের ইজারা/বরাদ্দের দরপত্র/আবেদনপত্র আহবান।

বাণিজ্য মন্ত্রণালয় ও রপ্তানি উন্নয়ন ব্যুরোর যৌথ উদ্যোগে পূর্বাচল নতুন শহর প্রকল্পের ০৪নং সেক্টরে নির্মিত "বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার" (বিবিসিএফইসি)-এ আগামী ১৫ জানুয়ারি, ২০২৪ তারিখ (সম্ভাব্য) হতে মাসব্যাপী ২৮তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২৪ অনুষ্ঠিত হবে। উক্ত মেলার নিম্নোক্ত ০৯ (নয়) প্রকার কাজ/সেবার জন্য স্বনামধন্য, প্রতিষ্ঠিত ও রেজিস্টার্ড কোম্পানি এবং কর্পোরেট সংস্থা/প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী পরিপালন সাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

**মেলার বিভিন্ন ক্যাটাগরির কাজের নাম/প্রকৃতি, প্রসেসিং ফি, রয়্যালটির সর্বনিম্ন মূল্য/ফ্লোর মূল্য/হারঃ**

| ক্রমিক নং | কাজের প্রকৃতি/নাম | সর্বনিম্ন ফ্লোর মূল্য (টাঃ) ভ্যাট ও ট্যাক্স ব্যতীত | প্রসেসিং ফি/দরপত্র মূল্য (টাঃ) ভ্যাট ও ট্যাক্সসহ (অফেরতযোগ্য) |
|---|---|---|---|
| (i) | প্রবেশ টিকেট ইজারা | ৪,৫০,০০,০০০/- (চার কোটি পঞ্চাশ লক্ষ) | ১৩,৫০০/- (তেরো হাজার পাঁচশত) |
| (ii) | অভ্যন্তরীণ প্রচারণার লক্ষ্যে অডিও ভিজ্যুয়াল কার্যক্রম ইজারা | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) | ১০,০০০/- (দশ হাজার) |
| (iii) | উড়ন্ত বেলুনে বিজ্ঞাপন প্রচার | ২০,০০০/- (বিশ হাজার) (প্রতিটি) | ২,০০০/- (দুই হাজার) |
| (iv) | এটিএম বুথ স্থাপন ও পরিচালনা | ১,৩০,০০০/- (এক লক্ষ ত্রিশ হাজার) (প্রতিটি) | ৭,০০০/- (সাত হাজার) |
| (v) | মেলা মাঠের ইলেকট্রিক টাওয়ার ব্র্যান্ডিং (০২টি ছোট টাওয়ার) | ১,১৫,০০০/- (এক লক্ষ পনেরো হাজার) (প্রতিটি) | ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) |
| (vi) | প্রধান প্রবেশ গেইট সংলগ্ন টিকেট কাউন্টার ব্র্যান্ডিং | ৫,৫০,০০০/- (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার) | ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) |
| (vii) | দ্বিতীয় প্রবেশ গেইট সংলগ্ন টিকেট কাউন্টার ব্র্যান্ডিং | ২,২০,০০০/- (দুই লক্ষ বিশ হাজার) | ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) |
| (viii) | মা ও শিশু কেন্দ্র স্থাপন ও পরিচালনা (২টি) | ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) (প্রতিটি) | ৫,০০০/- (পাঁচ হাজার) |
| (ix) | শিশু পার্ক স্থাপন ও পরিচালনা (৮০´x৮০´) | ১১,০০,০০০/- (এগারো লক্ষ) | ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) |

**নিয়মাবলী/শর্তাবলীঃ**

০১। ক্রম-(i) এর ক্ষেত্রে মেলার প্রবেশ টিকেট বিক্রয়ের লক্ষ্যে ইজারাদারকে আবশ্যিকভাবে সরাসরি এবং অনলাইন উভয় পদ্ধতিতে টিকেট বিক্রয় করতে হবে। এক্ষেত্রে শুধু রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) কর্তৃক নির্ধারিত প্রতিষ্ঠান/সংস্থার মাধ্যমে অন-লাইন টিকেট বিক্রয় করতে হবে;

০২। মেলার মাস্টার প্ল্যান অনুযায়ী উপরোল্লিখিত আইটেমগুলোর সংখ্যা ও আয়তন পরিবর্তিত হতে পারে;

০৩। প্রতিটি কাজের দরপত্রের শিডিউল/আবেদন ফরম আগামী ১৯-১০-২০২৩ হতে ০৯-১১-২০২৩ তারিখ দুপুর ১২:০০ টা পর্যন্ত www.epb.gov.bd/Facebook: www.facebook.com/epb.gov.bd হতে ডাউনলোড করে অথবা নিম্নোক্ত দপ্তরসমূহ হতে প্রতি কার্যদিবসে অফিস চলাকালিন সময়ে সংগ্রহ করা যাবেঃ
   (ক) প্রশাসন শাখা এবং ডিআইটিএফ সচিবালয়, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন (৫ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা;
   (খ) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) এর অফিস কক্ষ, (১ম ১২ তলা সরকারি ভবন, ৩য় তলা কক্ষ নং-৩০৩, সেগুনবাগিচা), ঢাকা এবং
   (গ) বাণিজ্য মন্ত্রণালয় (ভবন নং-০৩, ২য় তলা, কক্ষ নং-১২৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। প্রতিটি কাজের দরপত্র নির্ধারিত নিয়মাবলী অনুসরণপূর্বক ও প্রয়োজনীয় কাগজপত্রসহ www.epb.gov.bd /Facebook: www.facebook.com/epb.gov.bd হতে শিডিউল/আবেদনপত্র ফরম ডাউনলোড করে পূরণকৃত হার্ডকপি আগামী ১৯-১০-২০২৩ হতে ০৯-১১-২০২৩ তারিখ দুপর ২:০০ টার মধ্যে নিম্নোক্ত দপ্তরসমূহে রক্ষিত **টেন্ডার বাক্সে** সরাসরি অথবা ডাকযোগে **দাখিল করতে হবেঃ**
   (ক) প্রশাসন শাখা এবং ডিআইটিএফ সচিবালয়, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন (৫ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা;
   (খ) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), এর অফিস কক্ষ, (১ম ১২ তলা ভবন ৩য় তলা, কক্ষ নং-৩০৩, সেগুনবাগিচা), ঢাকা এবং
   (গ) বাণিজ্য মন্ত্রণালয় (ভবন নং-০৩, ২য় তলা, কক্ষ নং-১২৬-ঘ), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫। অনলাইন দরপত্র দাখিলের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র স্ক্যান করে দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে;

০৬। প্রতিটি কাজের জন্য পৃথক পৃথকভাবে দরপত্র দাখিল করতে হবে;

০৭। হার্ডকপির মাধ্যমে দাখিলকৃত প্রতিটি দরপত্রের খামের উপর সংশ্লিষ্ট কাজের নাম উল্লেখ করতে হবে;

০৮। বর্ণিত দরপত্রসমূহ আগামী ০৯-১১-২০২৩ তারিখ বিকাল ৩:৩০ টায় রপ্তানি উন্নয়ন ব্যুরোর কনফারেন্স কক্ষে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে;

০৯। বর্ণিত ছকে উল্লিখিত প্রতিটি কাজের জন্য নির্ধারিত ফ্লোর মূল্য অপেক্ষা দরপত্রে অধিক দর উদ্ধৃত করা যাবে এবং প্রতিটি কাজের নির্ধারিত ফ্লোর মূল্যের নিম্নে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না;

১০। প্রতিটি ইজারা কাজের জন্য দরপত্রে উদ্ধৃত দরের সমুদয় অর্থ এবং আবেদনপত্রের প্রসেসিং ফি/দরপত্রের মূল্যের অর্থ পৃথক পৃথক জমার আকারে ব্র্যাক ব্যাংকের নিম্নোক্ত হিসাবে জমা করে (ক) হার্ড কপি দরপত্র দাখিলের ক্ষেত্রে পূরণকৃত ডিপোজিট স্লিপ (Deposit slip) এবং (খ) অনলাইনে আবেদনের ক্ষেত্রে ডিপোজিট স্লিপের স্ক্যান কপি সংযুক্ত করতে হবে।
- হিসাবের শিরোনাম : ''ঢাকা আন্তর্জতিক বাণিজ্য মেলা তহবিল (DHAKA INTERNATIONAL TRADE FAIR FUND)''
- ব্যাংকের নাম : ব্র্যাক ব্যাংক লিঃ, (যে কোন শাখা)।
- হিসাব নং-1501102485103001

১১। **উদ্ধৃত দরের সমুদয় অর্থ ব্র্যাক ব্যাংক লিঃ-এর "ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল" শিরোনামে ব্যাংক হিসাব নং-1501102485103001 এ নির্ধারিত সময়ের মধ্যে জমা না হলে আবেদনকারীর আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;**

১২। সকল দরপত্রের সাথে হালনাগাদ ব্যবসা পরিচালনার ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদপত্র, ২০২২-২০২৩ করবর্ষের কর মামলা নিষ্পত্তির সনদপত্র, হালনাগাদ ব্যাংক স্বচ্ছলতার সনদপত্র-এর সত্যায়িত কপি এবং দরপত্রদাতার সদ্য তোলা সত্যায়িত দুই কপি পাসপোর্ট সাইজ এর ছবি সংযুক্ত করতে হবে। দাখিলকৃত দরপত্র বাছাইয়ের সময় সকল কাগজপত্রের/প্রমাণাদির মূল কপি পেশ করতে হবে;

১৩। ডিআইটিএফ-২০২৪ এর নির্ধারিত সময়ের পর মেলার মেয়াদকাল বৃদ্ধি করা হলে উল্লিখিত প্রতিটি ইজারাকাজের জন্য বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানকে বর্ধিত দিনের জন্য সকল প্রকার আয়কর ও ভ্যাটসহ আনুপাতিক হারে অতিরিক্ত মূল্য পরিশোধ করতে হবে;

১৪। এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ক্রমিক নং (i) হতে (ix) এ বর্ণিত কাজের জন্য মনোনীত/বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানকে বরাদ্দ মূল্য ছাড়াও বরাদ্দ মূল্যের ১৫% অর্থ ভ্যাট বাবদ ও ১০% অর্থ আয়কর বাবদ চূড়ান্ত কার্যাদেশ প্রাপ্তির পূর্বে মেলা তহবিলে জমা করতে হবে ;

১৫। যে সকল প্রতিষ্ঠান ইতোপূর্বে ইপিবি ও ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার কোন কাজে অযোগ্য ঘোষিত হয়েছে অথবা কালো তালিকাভুক্ত হয়েছে - সে সকল সংস্থা/প্রতিষ্ঠানের দরপত্র গ্রহণযোগ্য হবে না;

১৬। দরপত্রের সাথে দাখিলকৃত কোন ডকুমেন্ট জাল/ভুয়া হিসেবে প্রমাণিত হলে মেলা তহবিলে জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১৭। ডিআইটিএফ এর কোন কাজের জন্য নির্বাচিত কোন প্রতিষ্ঠান বরাদ্দপ্রাপ্ত কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করতে ব্যর্থ হলে অথবা সম্পাদন করতে অপারগতা প্রকাশ করলে অথবা সম্পাদন না করলে অথবা দরপত্র বিজ্ঞপ্তি/শিডিউল/কার্যাদেশ/বরাদ্দপত্রে উল্লিখিত কোন শর্ত ভংগ করলে উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত কার্যাদেশ/বরাদ্দপত্র বাতিল হবে এবং রয়্যালটি, ভাড়া, ভ্যাট, আয়কর প্রভৃতি বাবদ মেলা তহবিলে উহার জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত হবে;

১৮। সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত অন্যান্য কর/শুল্ক বা নতুনভাবে ঘোষিত কোন কর আরোপিত হলে তা পরিশোধ করতে হবে;

১৯। পূর্ববর্তী মেলা বা মেলাসমূহে অংশগ্রহণকারী কোন প্রতিষ্ঠান বা ব্যক্তির নিকট মেলা কর্তৃপক্ষ কোন অর্থ পাওনা থাকলে উক্ত প্রতিষ্ঠান/ব্যক্তি অথবা উক্ত প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী অথবা তাঁর মালিকানাধীন সকল প্রতিষ্ঠান ডিআইটিএফ-২০২৪ এর কোন দরপত্র কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না এবং এরূপ প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানসমূহের নামে মেলার কোন কাজ/সেবা বরাদ্দ প্রদান করা হবে না;

২০। ডিআইটিএফ এর দরপত্র কার্যক্রমে অংশগ্রহণ এবং কাজ/সেবার বরাদ্দ বাবদ মেলা তহবিলে জমাযোগ্য সকল অর্থ www.epb.gov.bd /Facebook: www.facebook.com/epb.gov.bd থেকে ডিপোজিট স্লিপের নির্ধারিত ফরম প্রিন্ট করে তা পূরণপূর্বক ব্র্যাক ব্যাংকের যে কোন শাখায় ডিআইটিএফ এর নির্ধারিত হিসাবে জমা করতে হবে। অন্যথায়, মেলা তহবিলে অর্থ জমার দাবী গ্রহণযোগ্য হিসাবে গণ্য করা হবে না;

২১। মেলার কাজে অংশগ্রহণের উদ্দেশ্যে মেলা তহবিলে অর্থ জমার সমর্থনে ব্যাংক থেকে প্রদত্ত/প্রাপ্ত ডিপোজিট স্লিপে আবেদনকারী/দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানের নাম উল্লেখ না থাকলে উক্ত ডিপোজিট স্লিপ গ্রহণযোগ্য করা হবে না;

২২। ক্রমিক (ii) নং এ বর্ণিত অডিও ভিজ্যুয়াল কার্যক্রম বিবিসিএফইসি হলের বহিঃস্থ প্রচারণার জন্য প্রযোজ্য হবে (বিবিসিএফইসি হলের অভ্যন্তরের জন্য প্রযোজ্য হবেনা);

২৩। অসম্পূর্ণ দরপত্র গ্রহণযোগ্য হবে না;

২৪। ডিআইটিএফ-২০২৪ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে উল্লিখিত কার্যাদির যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সকল দরপত্র বাতিলের পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করে।

২৫। **মেলা কর্তৃপক্ষ যে কোন সময় মেলার তারিখ ও সময় পরিবর্তন করতে পারবেন;**

২৬। **মেলা কর্তৃপক্ষ কোন কারণ দর্শনে ব্যতিরেকে যে কোন পরিস্থিতিতে এ বিজ্ঞপ্তি/টেন্ডার প্রক্রিয়া বাতিল করার পূর্ণ ক্ষমতা রাখেন।**


**সচিব (উপসচিব)**
রপ্তানি উন্নয়ন ব্যুরো
ও
পরিচালক
২৮তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২৪ সচিবালয়
টিসিবি ভবন (৫ম তলা), ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫
ফোন নং ০২-৫৫০১৩৪২০, পিএবিএক্স: ০২-৯১৪৪৮২২-২৪, ৮১৮০০৮৪, ৮১৮০০৮৭, ৮১৮০০৯০ এক্সটেনশন নং-১১৪, ফ্যাক্স নং ৮৮০-২-৫৫০১৪০২৪
www.epb.gov.bd / E-mail: secy@epb.gov.bd/ Facebook: www.facebook.com/epb.gov.bd